ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৩৪

ধর্মনগর, ১২ মার্চ, ২০২৫

## জেলা শিক্ষা আধিকারিকের সাংবাদিক সম্মেলন
## অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণি এবং পিছিয়ে পড়া গোষ্ঠীভুক্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে বেসরকারি বিদ্যালয়ে পড়াশোনার সুযোগ

অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণি (ইডব্লিউএস) এবং পিছিয়ে পড়া গোষ্ঠীভুক্ত (ডিসঅ্যাডভান্টেজ গ্রুপ) ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যে অষ্টম শ্রেণি পর্যন্ত বেসরকারি বিদ্যালয়ে পড়াশোনার জন্য ২৫ শতাংশ আসন সংরক্ষিত রাখতে হবে। শিক্ষা অধিকার আইন, ২০০৯-এর ১২(১) (সি) ধারায় প্রতিটি বেসরকারি বিদ্যালয়ে এই আসন সংরক্ষিত থাকবে। আজ উত্তর ত্রিপুরা জেলার জেলা শিক্ষা আধিকারিক শুভাশিস দেবনাথ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, তপশিলি জাতি, জনজাতি, বিশেষভাবে সক্ষম শিশু, চা বাগান শ্রমিকের শিশু, এইচআইভি / এইডস আক্রান্ত শিশু, ট্রান্সজেন্ডার শিশু এবং অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণির শিশুরা বেসরকারি বিদ্যালয়ে বিনামূল্যে পড়তে পারবে। তবে এক্ষেত্রে শিশুকে এন্ট্রি লেভেল অর্থাৎ প্রথম শ্রেণিতে ভর্তি হতে হবে এবং অষ্টম শ্রেণি পর্যন্ত বিনামূল্যে পড়তে পারবে। এক্ষেত্রে বেসরকারি বিদ্যালয়ের যে আনুষঙ্গিক খরচ রয়েছে তা রাজ্য সরকার বহন করবে।

সাংবাদিক সম্মেলনে জেলা শিক্ষা আধিকারিক আরও জানান, উত্তর ত্রিপুরা জেলায় ৭৩টি বেসরকারি বিদ্যালয় রয়েছে, যারা রাজ্য সরকারের অনলাইন পোর্টাল www.shikshasopan.com-এ অন্তর্ভুক্ত রয়েছে। উল্লেখিত পোর্টালের মাধ্যমে অনলাইনে সংশ্লিষ্ট শ্রেণির ছাত্রছাত্রীরা আবেদন করে বেসরকারি বিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ নিতে পারবে। প্রতিটি বেসরকারি বিদ্যালয়ে একজন করে এ বিষয়ের উপর নোডাল অফিসার থাকবেন। থাকবে হেল্প ডেস্ক। এছাড়াও জেলা শিক্ষা আধিকারিকের কার্যালয়ে এবং ব্লক পরিদর্শক কার্যালয়েও একজন করে নোডাল অফিসার থাকবেন। জেলা শিক্ষা আধিকারিক আরও জানান, আগামী ১৪ মার্চ থেকে প্রথম পর্যায়ে ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন শুরু হবে। চলবে ৩১ মার্চ, ২০২৫ পর্যন্ত। প্রথম পর্যায়ে ভর্তি প্রক্রিয়া শুরু হবে ৫ এপ্রিল থেকে ১১ এপ্রিল, ২০২৫। ৪ এপ্রিল অনলাইন লটারি এবং ছাত্রছাত্রীরা কোন বিদ্যালয়ে ভর্তি হতে পারবে তা পোর্টালের মাধ্যমে জানানো হবে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন ওএসডি সমীর রঞ্জন নাথ এবং ওএসডি কৃতিসুন্দর দে।

*****